গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, যশোর
(শিক্ষা ও কল্যাণ শাখা)
www.jessore.gov.bd

স্মারক নং:০৫.৪৪.৪১০০.০২০.০৪.০০১.২৬- ৬০৫ তারিখ: ০৫ শ্রাবণ ১৪৩৩ / ২০ জুলাই ২০২৬

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও ক্রীড়া পরিদপ্তরের 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচিতে বালক ও বালিকাদের অংশগ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও ক্রীড়া পরিদপ্তরের আয়োজনে "নতুন কুঁড়ি স্পোর্টস" কর্মসূচিতে বালক ও বালিকারা ফুটবল, ক্রিকেট, কাবাডি, অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, দাবা, মার্শাল আর্ট (কারাতে, উশু, তাইকোয়ানডো, জুডো), সাঁতার, ভলিবল ও টেবিল টেনিস এই ১০টি ইভেন্টে অংশগ্রহণের সুযোগ পাচ্ছেন। ১০টি ইভেন্টে ১০ থেকে ১৪ বছর বয়সি (জন্মতারিখ: ০১-০৯-২০১২ থেকে ৩১.০৮.২০১৬ এর মধ্যে) ছাত্র-ছাত্রীর অংশগ্রহণের নিমিত্ত ০১ জুলাই ২০২৬ থেকে ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত রেজিস্টেশনের মেয়াদ নির্ধারণ করা হয়েছে। notunkurisports.gov.bd পোর্টাল থেকে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় নিম্নলিখিত কাগজপত্র সাবমিট করতে হবে।

১. অনলাইন ভেরিফাইড জন্মনিবন্ধন সনদ;

২. শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র;

০৩. ৬ষ্ঠ বা ৮ম শ্রেণির ভর্তি, রেজিস্ট্রেশন কার্ড/প্রাথমিক বিদ্যালয়ে (৫ম শ্রেণি পর্যন্ত) অধ্যয়নরত শিক্ষার্থীদের ক্ষেত্রে পূর্ববর্তী বছরের বার্ষিক পরীক্ষার ফলাফলের সত্যায়িত কপি;

০৪. স্কুলের প্রধান শিক্ষক কর্তৃক বতর্মান শ্রেণির সত্যায়িত টট লিস্ট এর কপি;

০৫. সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

এমতাবস্থায়, উল্লিখিত বিষয়টি যশোর জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি: বর্ণনা মতে ০১ (এক) ফর্দ।

20/07/2026
মীম বিনতে মুস্তাফিজ
সহকারী কমিশনার
শিক্ষা ও কল্যাণ শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।

১। জেলা শিক্ষা অফিসার, যশোর;
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, যশোর।

অনুলিপি:

১। সহকারী কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অফিস কপি।

CamScanner